# বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

**চাঁদপুর শাখা, চাঁদপুর-৩৬০০।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মতে**

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **বেসিক ব্যাংক লিমিটেড, চাঁদপুর শাখার** ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান **মেসার্স আরএফআই অটো ম্যানুফেকচারিং, স্বত্ত্বাধিকারীঃ ইমরান হোসেন ভূঁইয়া।** প্রতিষ্ঠানের ঠিকানাঃ বিসিক শিল্প নগরী, প্লট নং-এস-১৭, লক্ষীপুর সদর, লক্ষীপুর। জনাব ইমরান হোসেন ভূঁইয়া তাহার প্রতিষ্ঠান **মেসার্স আরএফআই অটোম্যানুফেকচারিং** এর নামে বেসিক ব্যাংক লিমিটেড, চাঁদপুর শাখা হতে সিসি (হাইপো) ঋণ এবং মেয়াদী ঋণ সুবিধা গ্রহণ করেন। উক্ত ঋণের বিপরীতে জনাব ইমরান হোসেন ভূঁইয়া, পিতা: মো: নাজিম উদ্দিন ভূঁইয়া, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ রাজিবপুর (হাবিব উল্ল্যা ভূঁইয়া বাড়ি), পোঃ লক্ষীপুর-৩৭০০, থানা: লক্ষীপুর সদর, জেলাঃ লক্ষীপুর। তার নিজ নামীয় নিম্ন বর্ণিত তফসিলভুক্ত লিজ সম্পত্তি বেসিক ব্যাংক লিমিটেড এর নিকট রেজিস্ট্রি বন্ধকমূলে বন্ধক রাখিয়াছেন। বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও ঋণগ্রহীতা/বন্ধকদাতার নিকট হইতে ব্যাংকের পাওনা আদায় সম্ভব হয় নাই। বর্তমান হিসাব মতে **০৭.০৫.২০২৪ইং** তারিখ পর্যন্ত ঋণগ্রহীতা/বন্ধকদাতা জনাব ইমরান হোসেন ভূঁইয়া এর নিকট বেসিক ব্যাংক লিমিটেড এর সুদআসল সর্বমোট ঋণদায় **৬৩.৫০ লক্ষ টাকা মাত্র (তিষট্টি লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র)** এবং তৎপরবর্তী আদায়কালতক সুদ ও অন্যান্য খরচ পাওনা আছে। এছাড়াও বিসিকের বকেয়া সার্ভিস চার্জ, খাজনা ও ভ্যাট বাবদ **২৮,৫০০/- (আটাশ হাজার পাঁচশত) টাকা** (৩১.১২.২০২১ খ্রিঃ পর্যন্ত), বিসিকের আদায়যোগ্য ঋণের বকেয়া **৬০,৭২২/- (ষাট হাজার সাতশত বাইশ) টাকা** (২৯.০৮.২০২১ খ্রিঃ পর্যন্ত) ও অন্যান্য পাওনা আছে। বাংলাদেশ ক্ষুদ্র ও কুঠির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বেসিক ব্যাংক লিমিটেড, চাঁদপুর শাখা বরাবর ইস্যুকৃত লক্ষীপুর বিসিক শিল্প নগরীর (বর্তমানে বন্ধ) মেসার্স আর এফ আই অটো ম্যানুফেকচারিং (স্বত্ত্বাধিকারী-ইমরান হোসেন ভূঁইয়া) কারখানাটি নিলামে বিক্রির অনুমোদন পত্র স্মারক নং-শিঃনঃ/বিসিক/লক্ষী/পার্টি-৭১/২০০৯-১৯/১৩৪(২) তারিখ: ৩১.১২.২০১৯ইং ও সংশোধিত অনুমোদন পত্র স্মারক নং-শিঃনঃ/বিসিক/লক্ষী/পার্টি-৭১/২০০৮-১৯/১২৮(২) তারিখ; ২৩/০৯/২০২১ইং-এর মাধ্যমে বিক্রি করার ক্ষমতা ব্যাংক প্রাপ্ত হয়। উক্ত অনুমোদন এর ক্ষমতাবলে এবং অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩)-এর বিধানমতে পাওনা টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্নিত স্থাবর সম্পত্তি নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে সিলমোহরকৃত দরপত্রের মাধ্যমে নিলাম বিক্রয়ের জন্য আগামী **২৪/০৬/২০২৪ইং** তারিখ নিলামের দিন ধার্য্য করা হইয়াছে। আগ্রহী নিলাম ক্রেতাদেরকে উল্লেখিত তারিখ ও সময়ের মধ্যে **বেসিক ব্যাংক লিমিটেড, চাঁদপুর শাখা,** হোল্ডিং নং-১২১, কালীবাড়ি মন্দির, ওয়ার্ড নং-০৭, চাঁদপুর বরাবরে লিখিত দরপত্রের মাধ্যমে সরাসরি/ডাকযোগে নিলামে অংশগ্রহণ করার জন্য আহবান করা যাইতেছে।

### -নিলামের শর্তসমূহ-

০১. প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, পূর্ণ ঠিকানা, প্রদত্ত দর (কথায় ও অংকে) উল্লেখপূর্বক সিলমোহরকৃত খামে এবং খামের উপরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া আগামী **২৪/০৬/২০২৪ইং** তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, চাঁদপুর শাখায় জমা দিতে হইবে। ওইদিন বেলা ৩.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। রেজিস্ট্রি ডাক প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই নির্ধারিত সময়ের পূর্বে পৌছাইতে হইবে।

০২. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/= (দশ) লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/= (পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/= (পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% টাকার সমপরিমান টাকা জামানত সরূপ বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

০৩. অনুর্ধ্ব ১০,০০,০০০/= (দশ) লক্ষ টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/= (পঞ্চাশ) লক্ষ টাকা উদ্ধৃত দর উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/= (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে সম্পূর্ণ মুল্য পরিশোধ করিবেন। তাহা করিতে ব্যর্থ হইলে জামানত বাজেয়াপ্ত হইবে।

০৪. উপরে বর্ণিত অনুচ্ছেদ ৩ এর শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্ত অর্থ সংশ্লিষ্ট ঋণ হিসাবে জমা করা হইবে। অতঃপর দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পুর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে। এ ক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অবগত হওয়ার ৩নং অনুচ্ছেদে নির্ধারিত সময়ের মধ্যে সম্পুর্ণ মুল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানত বাজেয়াপ্ত হইবে বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবিকৃত টাকার সাথে সমন্বয় করা হইবে।

০৫. ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

০৬. দরপত্রদাতা এক বা একাধিক তফসিলের জন্য দরপত্র জমা দিতে পারিবেন, তবে একই তফসিলের সম্পত্তির আংশিক দরপত্র গ্রহনযোগ্য হইবেন না। নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যাক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য অফিস চলাকালীন সময়ে নিন্মস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করিতে পারিবেন।

০৭. সম্পত্তি রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় ক্রেতা বহন করিবেন।

০৮. প্রতিষ্ঠানের নিকট সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কোন দাবি/পাওনা (বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌর কর, ভূমি কর ইত্যাদি) থাকিলে তাহা পরিশোধের দায়িত্ব বেসিক ব্যাংক লিমিটেড এর উপর বর্তাইবে না।

০৯. যে কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বাতিল করিবার ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

### তফসিলি সম্পত্তি

জেলা: লক্ষীপুর, উপজেলা: লক্ষীপুর সদর ৬৩নং বাঞ্ছানগর মৌজার অধীন সাব রেজিষ্ট্রী অফিস লক্ষীপুর সদর বিসিক শিল্পনগরীর প্লট নং এস-১৭, যাহার পরিমান ৩০০২ বর্গফুট অথবা ০.০৬৮৯ একর ভূমি ও তদস্থিত স্থাপনা। চৌহদ্দিঃ উত্তরে- প্লট এস-১৮, দক্ষিনে- প্লট এস-১৬, পূর্বে- ইসমাইল উদ্দিন পাটওয়ারী ও পশ্চিমে- ৩০ ফুট রাস্তা।

**পক্ষে- শাখা প্রধান, চাঁদপুর শাখা**

**হোল্ডিং নং-১২১, কালীবাড়ি মন্দির, চাঁদপুর। ফোনঃ ০২৩৩৪৪৮৭২০১**

**প্রকাশ ঃ ২৪/০৫/২০২৪ইং**

**দৈনিক যুগান্তর ও দৈনিক চাঁদপুর কন্ঠ (স্থানীয়)**